

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

উপকরণ-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২২ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ/০৫ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস,আর,ও, নং ৮২-আইন/২০২৩।—যেহেতু Control of Essential Commodities Act, 1956 (Act No. I of 1956) এর section 3 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৩ই পৌষ ১৪০৬ বঙ্গাব্দ মোতাবেক ২৭শে ডিসেম্বর ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৩৭৫-আইন/৯৯ দ্বারা সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ প্রণয়ন করিয়াছিল; এবং

যেহেতু সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ প্রণীত হইবার পর নূতনভাবে সার ব্যবস্থাপনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৬ নং আইন) প্রণীত হইয়াছে এবং উক্ত আইনের ধারা ৩০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৪ জ্যৈষ্ঠ ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ২৮মে ২০০৭ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন, এস, আর, ও নং ৯২-আইন/২০০৭ দ্বারা সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ প্রণয়ন করিয়াছে; এবং

যেহেতু সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ এর বিধানসমূহ সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ এর সন্তুষ্টি করা হইয়াছে; এবং

যেহেতু সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ এবং সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ এর বিষয়বস্তু অভিন্ন; এবং

যেহেতু একই সাথে অভিন্ন বিষয়বস্তু লইয়া উক্ত আদেশ ও বিধিমালা কার্যকর থাকিলে ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে ভবিষ্যতে আইনগত জটিলতার উভ্রে হইতে পারে; এবং

(৪৬০৩)
মূল্য : টাকা ৮.০০

যেহেতু উপরিউক্ত কারণে সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ রহিত করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উল্লিখিত সিদ্ধান্তের আলোকে সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ রহিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ এতদ্বারা রহিত করা হইল।

২। উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিতকৃত সার (নিয়ন্ত্রণ) আদেশ, ১৯৯৯ এর অধীন—

- (ক) কৃত কার্য, নিবন্ধন, সার উৎপাদনের অনুমতি, সার আমদানি, গুদামজাতকরণ, বিক্রয়, বিতরণ, ব্যবস্থাপনা সংক্রান্ত প্রদত্ত আদেশ, নির্দেশ বা অনুমোদন সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ এর বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে কার্যকর থাকিবে; এবং
- (খ) কোনো কার্যধারা অনিষ্পত্ত বা চলমান থাকিলে, উহা যতদূর সম্ভব, সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০০৭ এর অধীন নিষ্পত্ত করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ওয়াহিদা আক্তার
সচিব।